

২০১১

বাংলা

[কথাসাহিত্য]

অষ্টম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

১। 'কপালকুন্ডলা' চরিত্রটি গঠনে প্রকৃতির ভূমিকা নিরূপণ করো। ১৮

অথবা

'কপালকুন্ডলা' উপন্যাসটির শ্রেণী নির্ণয় করে, তোমার মতের পক্ষে যুক্তি দাও।

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

২। 'চতুরঙ্গ' উপন্যাসের নামকরণ কতটা যথাযথ বিচার করো। ১৬

অথবা

শচীশের চরিত্রে জ্যাঠামশাই-এর ভূমিকা আলোচনা করো।

৩। নায়ক চরিত্র না হলেও — 'শ্রীকান্ত' (প্রথমপর্বে) উপন্যাসে শ্রীকান্তের তুলনায় ইন্দ্রনাথ অনেক বেশি উজ্জ্বল, আলোচনা করে দেখাও। ১৬

অথবা

'শ্রীকান্ত' (প্রথমপর্বে) অবলম্বনে নারীচরিত্র অঙ্কনে শরৎচন্দ্রের দক্ষতা ও বৈশিষ্ট্য নিরূপণ করো।

(Turn Over)

৪। 'টোড়াই চরিত মানস'-এর নামকরণ বিচার করো। ১৬

অথবা

টোড়াই-এর জীবনে রামিয়া ও সাগিয়ার গুরুত্ব দেখাও।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

৫। তোমার পঠিত গল্পের ভিত্তিতে বাংলা গল্পে প্রভাত কুমার মুখোপাধ্যায়ের বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র্য নির্ণয় করো। ১৮

অথবা

'ভিখারী সাহেব' গল্পের বিষয়বস্তু আলোচনা করে লেখকের যে দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায়, তা উল্লেখ করো।

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

৬। 'জলসাঘর' গল্পে সেকাল-একালের যে দ্বন্দ্ব ফুটে উঠেছে তাব স্ফূর্ত আলোচনা করো। ১৬

অথবা

একদিকে প্রেম অন্যদিকে প্রাণের মায়া—এই দুইয়ের দ্বন্দ্ব মানুষের আদিম আকাঙ্ক্ষা কীভাবে প্রকাশ পায় 'তারিণী মাঝি' গল্প অবলম্বনে দেখাও।

৭। বাংলা গল্পে জগদীশ গুপ্তের স্বাতন্ত্র্য বিচার করো। ১৬

অথবা

'দিবসের শেষে' গল্পটির নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

৮। নরেন্দ্রনাথ মিত্রের গল্পের প্রকরণ কৌশল সম্পর্কে আলোচনা করো। ১৬

অথবা

একটি জড় বস্তু অবলম্বনে লেখা হলেও 'পালঙ্ক' শেষ পর্যন্ত মানবিকতার গল্প, দেখাও।